

# বাংলাদেশ নৌবাহিনীতে যোগ দিন

**নৌবাহিনী জাহাজ, সাবমেরিন, নেভাল এভিয়েশন ও বিএন ডকইয়ার্ড টেকনিক্যাল শাখায় ডাইরেক্ট এন্ট্রি আর্টিফিসার-৪র্থ (স্পেশাল এন্ট্রি) এবং নাবিক ভর্তি - বি ২০১৯ ব্যাচ**

(তরুণদের জীবন গঠনের এবং দেশ সেবার সূবর্ণ সুযোগ! আপনিও এ সুযোগ গ্রহণ করুন)



Help Line : 01769702215
www.joinnavy.navy.mil.bd

## বাংলাদেশ নৌবাহিনী

### ১। উপযুক্ততা।

| পদের নাম | যোগ্যতা |
|---|---|
| ডাইরেক্ট এন্ট্রি আর্টিফিসার-৪র্থ (নৌবাহিনী জাহাজ, সাবমেরিন, নেভাল এভিয়েশন ও বিএন ডকইয়ার্ডের জন্য) | ১। শিক্ষাগত যোগ্যতা। সরকার অনুমোদিত পলিটেকনিক ইন্‌স্টিটিউট হতে ন্যূনতম সিজিপিএ ৩.০০ সহ নিম্নবর্ণিত বিষয়ে ডিপ্লোমাধারী ঃ<br>ক। ইঞ্জিনিয়ারিং শাখা - ডিপ্লোমা-ইন-মেরিন টেকনোলজি/ পাওয়ার/ মেকানিক্যাল।<br>খ। ইলেকট্রিক্যাল শাখা - ডিপ্লোমা-ইন-ইলেকট্রিক্যাল।<br>গ। রেডিও ইলেকট্রিক্যাল শাখা - ডিপ্লোমা-ইন-ইলেকট্রনিক্স।<br>ঘ। অর্ডন্যান্স শাখা - ডিপ্লোমা-ইন-ইলেকট্রিক্যাল/ মেকানিক্যাল।<br>ঙ। শিপরাইট শাখা - ডিপ্লোমা-ইন-মেরিন টেকনোলজি/ শিপ বিল্ডিং/ মেকানিক্যাল।<br>২। বয়স। ০১ জুলাই ২০১৯ তারিখে ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে।<br>৩। বৈবাহিক অবস্থা। বিবাহিত/অবিবাহিত।<br>৪। বাংলাদেশী পুরুষ নাগরিক। |
| এমই-২ এবং ইএন-২ (বিএন ডকইয়ার্ডের জন্য) | ১। শিক্ষাগত যোগ্যতা। এসএসসি (বিজ্ঞান)/সমমানসহ সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে নিম্নবর্ণিত ট্রেডে ০৬ মাসের ট্রেড কোর্সধারী অথবা সংশ্লিষ্ট ট্রেডে এসএসসি (ভোকেশনাল) ন্যূনতম জিপিএ ৩.০০ হতে হবে।<br>ক। ডিজেল মেকানিক্স<br>খ। জেনারেল ইলেকট্রিশিয়ান<br>২। অভিজ্ঞতা। সংশ্লিষ্ট ট্রেডে ০৬ মাসের চাকুরীর বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>৩। বয়স। ০১ জুলাই ২০১৯ তারিখে ১৭-২৫ বৎসরের মধ্যে হতে হবে।<br>৪। বৈবাহিক অবস্থা। বিবাহিত/অবিবাহিত।<br>৫। বাংলাদেশী পুরুষ নাগরিক। |

### ২। শারীরিক যোগ্যতা (ন্যূনতম) সকল পদের জন্য।

ক। উচ্চতা ঃ ১৬২.৫ সেঃ মিঃ (৫'-৪")।
খ। বুকের মাপ ঃ ৭৬-৮১ সেঃ মিঃ (৩০"-৩২") সম্প্রসারণ ৫ সেঃ মিঃ (২")।
গ। ওজন ঃ বয়স ও উচ্চতা অনুযায়ী।
ঘ। চোখের দৃষ্টি ঃ ৬/৬।

### ৩। অযোগ্যতা।

ক। বাংলাদেশ বা অন্য কোন দেশে প্রচলিত বলবৎযোগ্য কোন আইন ও বিধির অধীনে গ্রেফতার, দোষী সাব্যস্ত, বন্দী, আটক অথবা কোন মামলায় অভিযুক্ত হয়ে কোন বিচারালয়ে বিচারাধীন থাকলে।

খ। সশস্ত্র বাহিনী অথবা সরকারি চাকুরী থেকে অপসারিত/বহিস্কৃত হলে।

### ৪। প্রয়োজনীয় দলিলপত্র।

ক। শিক্ষাগত যোগ্যতার সনদপত্র।

(১) এসএসসি (বিজ্ঞান)/ সমমান এবং এসএসসি (ভোকেশনাল) পাশ প্রার্থীদের মূল অথবা শিক্ষাবোর্ড কর্তৃক ইস্যুকৃত সাময়িক সনদপত্র/১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক মূল/ সাময়িক সনদপত্রের সত্যায়িত ফটোকপি। (২) মূল মার্কশিট/১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক মূল মার্কশিটের সত্যায়িত ফটোকপি এবং শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক স্বাক্ষরিত প্রশংসাপত্র/১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক মূল প্রশংসাপত্রের সত্যায়িত ফটোকপি এবং মূল রেজিস্ট্রেশন কার্ড ও এডমিট কার্ড। (৩) কোন কারণে যারা মূল সনদপত্র দিতে অপারগ হবে তারা ভর্তি হওয়ার সময় সত্যায়িত কপি জমা দিলে চলবে। তবে খুলনাস্থ প্রশিক্ষণ কেন্দ্র বানৌজা তিতুমীরে যোগদানের সময় অবশ্যই মূলকপি জমা দিতে হবে। (৪) পেশাগত ডিপ্লোমা প্রার্থীদের ক্ষেত্রে মূল/সাময়িক সনদপত্র, মূল মার্কশিট (৮ম পর্ব), মূল প্রশংসাপত্র অথবা প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত ফটোকপি। (৫) ট্রেড কোর্স সনদপত্র (যার জন্য প্রযোজ্য)। (৬) চাকুরীর অভিজ্ঞতা সনদপত্র যা স্ব স্ব প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক স্বাক্ষরিত।

খ। নাগরিকত্ব সার্টিফিকেট ও চারিত্রিক সার্টিফিকেট। স্ব স্ব ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র অথবা চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর বা কমিশনারের নিকট হতে গৃহীত জাতীয়তা ও চরিত্রগত সনদপত্র (বৈবাহিক মর্যাদা ও স্থায়ী বাসস্থানের উল্লেখ থাকতে হবে)।

গ। জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয় পত্র। ১ম শ্রেণির গেজেটেড অফিসার/চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর/কমিশনার কর্তৃক প্রার্থীর জন্ম নিবন্ধন অথবা জাতীয় পরিচয় পত্র এবং পিতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি।

ঘ। অভিভাবকের সম্মতিপত্র। অভিভাবকের সম্মতিপত্র, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র অথবা চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর বা কমিশনার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

ঙ। ছবি। সদ্য তোলা পাসপোর্ট আকারের প্রার্থীর নিজের ১৫ (পনের) কপি, পিতার ১ কপি এবং মাতার ১ কপি রঙিন ছবি প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত হতে হবে।

চ। ছাড়পত্র। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত ছাড়পত্র আনতে হবে।

ছ। টিএ/ডিএ। ভর্তি কেন্দ্রে আগত প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না। প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের পরবর্তীতে মেডিকেল, লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা শেষে চূড়ান্ত নির্বাচনের জন্য ন্যূনতম ৫/৬ দিন নিজ খরচে চট্টগ্রামে অবস্থান করতে হবে।

### ৫। আবেদনপত্র সংগ্রহ।

ক। বাংলাদেশের যে কোন ব্যাংক/ট্রাস্ট ব্যাংকের যে কোন শাখায় গিয়ে "বিএন রিক্রুটমেন্ট ফান্ড" ট্রাস্ট ব্যাংক লিঃ, প্রিন্সিপাল ব্রাঞ্চ, ঢাকা এর অনুকূলে ২০০/০০ (টাকা দুইশত মাত্র) টাকার (অফেরতযোগ্য) MICR (Magnetic Ink Character Recognition) পে-অর্ডার সংগ্রহ করা যাবে। উক্ত পে-অর্ডার নিম্নের যে কোন ঠিকানায় দেখিয়ে আবেদনপত্র {ফরম (নাবিক)-২} সংগ্রহ করা যাবেঃ

(১) সিএসডি অফিস, বিএন ডকইয়ার্ড, নিউ মুরিং, চট্টগ্রাম। (২) নৌবাহিনী ভর্তি ও তথ্য কেন্দ্র, ঢাকা, চট্টগ্রাম, খুলনা, মাদারীপুর ও রংপুর। (৩) বানৌজা তিতুমীর (খুলনা), মংলা (বাগেরহাট), ঈসা খান (চট্টগ্রাম) ও শহীদ মোয়াজ্জম (কাপ্তাই)। (৪) সিজি স্টেশন চাঁদপুর, পালপাড়া, নিউ ট্রাক রোড, চাঁদপুর। (৫) কোস্টগার্ড বেইজ ভোলা, মংলা ও চট্টগ্রাম। (৬) সিজি স্টেশন বরিশাল, পটুয়াখালী, হাতিয়া, পাথরঘাটা, কয়রা, শরণখোলা ও টেকনাফ। (৭) সিজি আউট পোস্ট, রামগতি (লক্ষ্মীপুর)। (৮) সকল জেলা সশস্ত্র বাহিনী বোর্ড (ডিএএসবি) অফিসসমূহ।

খ। বিশেষ কারণে কেউ উপরের ঠিকানাসমূহ হতে আবেদনপত্র সংগ্রহে ব্যর্থ হলে ভর্তির দিন ভর্তি কেন্দ্র হতে নগদ ২০০/০০ (টাকা দুইশত মাত্র) টাকার বিনিময়ে আবেদনপত্র সংগ্রহ করা যাবে। সেক্ষেত্রে ২০০/০০ (টাকা দুইশত মাত্র) টাকার আবেদনপত্র সংগ্রহের রশিদ আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

গ। www.joinnavy.navy.mil.bd ওপেন করে Sailors Section Tab এ ক্লিক করলেও নাবিক ভর্তির আবেদনপত্র পাওয়া যাবে। সেক্ষেত্রে ভর্তি ফরম জমা দেয়ার সময় ২০০/০০ (টাকা দুইশত মাত্র) টাকার পে-অর্ডার আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

### ৬। ভর্তি পদ্ধতি।

বিজ্ঞপ্তি মোতাবেক ফর্মে উল্লিখিত সকল সার্টিফিকেট/কাগজপত্রসহ ভর্তি কেন্দ্রে নির্ধারিত তারিখে উপস্থিত হতে হবে। প্রার্থীর সকল কাগজপত্র সঠিক পাওয়া গেলে মনোনীত প্রার্থীদের প্রাথমিক নির্বাচন ও লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরবর্তী সময়ে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষা এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা ও চূড়ান্ত মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।

### ৭। চাকুরীর সুবিধাদি।

ক। বেতন ও ভাতা। সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য সুবিধাদিসহ সশস্ত্র বাহিনীর বেতনক্রম অনুযায়ী বেতন ও ভাতাদি প্রাপ্য হবে।

খ। অন্যান্য।

(১) বিনামূল্যে পোষাক, থাকা, খাওয়া ও চিকিৎসার সুবিধা। (২) হ্রাসকৃত মূল্যে পরিবারের জন্য রেশন ক্রয়ের সুবিধা। (৩) অবসর গ্রহণকালে অবসর ভাতা এবং গ্র্যাচুইটির সুবিধা। (৪) চাকুরীকালীন যোগ্যতার ভিত্তিতে নন-কমিশন্ড অফিসার, জুনিয়র কমিশন্ড অফিসার এবং বিশেষ যোগ্যতার একজন নাবিকের ক্ষেত্রে কমিশন্ড অফিসার পদে পদোন্নতির সুযোগ। (৫) চাকুরীরত অবস্থায় মৃত্যুবরণ করলে অথবা পঙ্গু হলে পদবীভিত্তিক বীমা সুবিধা এবং পরিবারের জন্য বেনেভোলেন্ট ফান্ডের আর্থিক সুবিধা। (৬) বিদেশে প্রশিক্ষণ, নৌবাহিনীর জাহাজে বিদেশী পোর্টে শুভেচ্ছা সফর, বিদেশ থেকে জাহাজ আনয়ণ ও জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বিদেশ ভ্রমণের মাধ্যমে আর্থিক স্বচ্ছলতা অর্জনের সুযোগ। (৭) বিদেশে বাংলাদেশ দূতাবাসসমূহে নিয়োগ প্রাপ্তির সুযোগ। (৮) নিজ সন্তানদের জন্য যোগ্যতার ভিত্তিতে ক্যাডেট কলেজ, আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ, মিলিটারি ইন্‌স্টিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজি এবং নৌবাহিনীর তত্ত্বাবধানে পরিচালিত স্কুল/কলেজে অধ্যয়নের সুযোগ। (৯) নিরাপদ ও মনোরম পরিবেশে মানসম্পন্ন সুসজ্জিত বাসস্থান প্রাপ্তি। (১০) সামরিক হাসপাতালসমূহে উন্নতমানের চিকিৎসা সুবিধা ও দূরারোগ্য ব্যাধিতে উন্নত চিকিৎসার প্রয়োজন হলে নগদ অর্থ প্রদানসহ বিদেশে পাঠানোর ব্যবস্থা ইত্যাদি।

### ৮। যেসব জেলার লোক ভর্তি করা হবে। সকল জেলার জন্য উন্মুক্ত।

### ৯। ভর্তি কেন্দ্র, ভর্তির তারিখ ও পদ।

| কেন্দ্রের নাম | ভর্তির তারিখ/ পরীক্ষা | পদের নাম | পদ সংখ্যা |
|---|---|---|---|
| নাবিক কলোনী-১, নিউ মুরিং, চট্টগ্রাম | ২৩ ও ২৪ এপ্রিল ২০১৯ (প্রাথমিক বাছাই)<br>২৫ এপ্রিল ২০১৯ (লিখিত পরীক্ষা)<br>২৬ ও ২৭ এপ্রিল ২০১৯ (ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা) | ডাইরেক্ট এন্ট্রি আর্টিফিসার-৪র্থ (নৌবাহিনী জাহাজ, সাবমেরিন, নেভাল এভিয়েশন ও বিএন ডকইয়ার্ডের জন্য) | ৪০ জন |
| | ২৮ ও ২৯ এপ্রিল ২০১৯ (প্রাথমিক বাছাই ও লিখিত পরীক্ষা)<br>৩০ এপ্রিল ও ০১ মে ২০১৯ (ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা) | এমই-২ এবং ইএন-২ (বিএন ডকইয়ার্ডের জন্য) | ১০ জন |

### ১০। বিশেষ দ্রষ্টব্য।

ক। নির্বাচিত প্রার্থীদের ০১ জুলাই ২০১৯ তারিখে (পরিবর্তনযোগ্য) বানৌজা তিতুমীর, খুলনায় যোগদান করতে হবে। খ। কৃতি খেলোয়াড়দের জন্য সার্বিক শর্তাবলী শিথিলযোগ্য। গ। ডাইরেক্ট এন্ট্রি আর্টিফিসার ব্যতীত মুক্তিযোদ্ধার সন্তান/তৃতীয় প্রজন্ম (পুরুষ), আনসার/ভিডিপি এবং ক্ষুদ্র নৃগোষ্ঠি সম্প্রদায়ের প্রার্থী প্রয়োজনীয় উপযুক্ততা অর্জন করলে সরকার কর্তৃক নির্ধারিত যথাক্রমে ৩০%, ১০% এবং ০৫% কোটায় ভর্তি করা হবে। এজন্য প্রমাণপত্র হিসেবে ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক পিতা/পিতামহের মুক্তিযোদ্ধার সনদ/আনসার অথবা ভিডিপিতে চাকুরী সনদের সত্যায়িত ফটোকপি প্রয়োজন হবে। ঘ। নৌবাহিনীতে কর্মরত/অবসরপ্রাপ্ত/মৃত সামরিক/বেসামরিক কর্মকর্তা ও কর্মচারীদের সন্তানদের প্রয়োজনীয় উপযুক্ততা সাপেক্ষে নির্ধারিত ৫% কোটায় ভর্তি করা হবে। এজন্য প্রমাণপত্র হিসেবে কর্মরতদের ক্ষেত্রে অধিনায়ক/উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়নপত্রসহ নৌবাহিনীর পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি এবং অবসরপ্রাপ্ত ও মৃতদের ক্ষেত্রে ছবিসহ পেনশন বই এবং ফটোকপি উপস্থাপন করতে হবে। ঙ। ভর্তি কেন্দ্রে প্রার্থীদের মোবাইল, ঘড়ি ও যে কোন ধরনের ইলেকট্রনিক গেজেট বহন করা নিষেধ।

**হুঁশিয়ারি**

## বাংলাদেশ নৌবাহিনীতে ভর্তির ব্যাপারে প্রতারকের কবল থেকে সতর্ক থাকুন

★ কোন ব্যক্তি চাকুরি দেয়ার নিশ্চয়তা দিয়ে আপনার নিকট টাকা দাবি করলে নিশ্চিত জেনে রাখুন আপনি প্রতারিত হচ্ছেন।
★ নৌবাহিনীতে আর্টিফিসার ও নাবিক ভর্তি কেবলমাত্র সংবাদপত্রে প্রকাশিত তারিখ ও স্থান অনুযায়ী নৌ রিক্রুটিং টিমের মাধ্যমেই হয়ে থাকে- বিচ্ছিন্ন কোন স্থান, সময় বা ব্যক্তিবর্গের মাধ্যমে নয়।
★ প্রাথমিক নির্বাচন, লিখিত পরীক্ষা, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা, চূড়ান্ত নির্বাচন একই দিনে ভর্তি স্থানে সকলের সম্মুখেই অনুষ্ঠিত হয়-এ প্রক্রিয়ায় কোন প্রকার আর্থিক লেনদেনের সুযোগ নেই।
★ যদি কোন ব্যক্তি সংবাদপত্রে প্রকাশিত তারিখ ও স্থান ব্যতীত অন্য কোন স্থান বা তারিখে নিয়োগ প্রদান করতে চায় তবে নিশ্চিতভাবে জেনে রাখুন আপনি প্রতারিত হচ্ছেন।
★ প্রতারক সম্পর্কে সুনির্দিষ্ট অভিযোগ রিক্রুটিং অফিসারকে অথবা নিকটস্থ নৌ ঘাঁটির নৌ পুলিশকে অথবা টেলিফোন নম্বর ০২-৯৮৩৬১৪১-৯ বর্ধিত ২১৪৮ অথবা ০১৭১১৮৯০০৫৪ এ অবহিত করুন।
★ যে কোন প্রকার সুপারিশ অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।


**পরিচালক**
পার্সোনেল সার্ভিসেস পরিদপ্তর
নৌবাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা ১২১৩
ফোন ঃ ০২-৯৮৩৬১৪১-৯ বর্ধিত ২২১১
হেল্প লাইন ঃ ০১৭৬৯৭০২২১৫
Website: www.joinnavy.navy.mil.bd


**আগামী ২৩ ও ২৪ এপ্রিল এবং ২৮ ও ২৯ এপ্রিল ২০১৯ তারিখে নির্দিষ্ট পদের জন্য সকাল ০৯০০ ঘটিকায় প্রয়োজনীয় সনদপত্রসহ নাবিক কলোনী-১, নিউ মুরিং, চট্টগ্রাম কেন্দ্রে ভর্তির জন্য উপস্থিত হউন।**